# 45th BCS Preliminary Question

**Question 1**: ধ্বনি' সম্পর্কে নিচের কোন বাক্যটি সঠিক নয়?
A. অর্থবোধক ধ্বনিগুলোই মানুষের বিভিন্ন ভাষার বাগ্‌ধ্বনি
B. মানুষের ভাষার মূলে আছে কতগুলো ধ্বনি
C. ধ্বনি উচ্চারণীয় ও শ্রবণীয়
D. ধ্বনি দৃশ্যমান

**Answer**: ধ্বনি দৃশ্যমান

**Explanation**: মানুষের বাগযন্ত্রের সাহায্যে তৈরি আওয়াজকে ধ্বনি বলে। অর্থাৎ মানুষের মুখনিঃসৃত অর্থবোধক আওয়াজ হলো ধ্বনি। ধ্বনি সম্পর্কে কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য- ১. ধ্বনি উচ্চারণীয় ও শ্রবণীয়। ২. মানুষের ভাষার মূলে আছে কতগুলো ধ্বনি। ৩. অর্থবোধক ধ্বনিগুলোই মানুষের বিভিন্ন ভাষার বাগধ্বনি। ৪. ভাষার ক্ষুদ্রতম একক- ধ্বনি। ৫. ভাষার মূল ভিত্তি-ধ্বনি। ৬. ধ্বনি পরিমাপের ক্ষুদ্রতম মানদণ্ড হলো মাত্রা। 'ধ্বনি দৃশ্যমান' এ কথাটি সত্য নয়।

**Question 2**: স্বরান্ত অক্ষরকে কী বলে?
A. একাক্ষর
B. যুক্তাক্ষর
C. বদ্ধাক্ষর
D. মুক্তাক্ষর

**Answer**: মুক্তাক্ষর

**Explanation**: ব্যাখ্যা: নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনিগুচ্ছকে অক্ষর বলে। অক্ষর প্রধানত ২ প্রকার। যথা: মুক্তাক্ষর (স্বরান্ত অক্ষর),ও বন্ধাক্ষর (ব্যঞ্জনান্ত অক্ষর)। মুক্তাক্ষর/স্বরান্ত অক্ষর এর শেষে স্বরধ্বনি থাকে। যেমন: লা...... (শেষে 'আ')। বদ্ধাক্ষর বা ব্যঞ্জনান্ত অক্ষর এর শেষে ব্যঞ্জনধ্বনি থাকে। যেমন: বাং..... (শেষে 'ং')। মুক্তাক্ষর এর উচ্চারণে মুখ খোলা থাকে কিন্তু বন্ধাক্ষর এর উচ্চারণে মুখ খোলা থাকে না।

**Question 3**: শুদ্ধ বানানের গুচ্ছ কোনটি?
A. শিরচ্ছেদ, দরিদ্রতা, সমীচীন
B. শিরোশ্ছেদ, দারিদ্র্য, সমীচিন
C. শিরঃশ্ছেদ, দরিদ্রতা, সমিচীন
D. শিরশ্ছেদ, দরিদ্রতা, সমীচীন

**Answer**: শিরশ্ছেদ, দরিদ্রতা, সমীচীন

**Explanation**: শুদ্ধ বানানসমূহ- শিরশ্ছেদ, দরিদ্রতা/দারিদ্র্য, সমীচীন।

**Question 4**: রবি 'কলম' শব্দটি 'কলমোস' শব্দ থেকে এসেছে। 'কলমোস' কোন ভাষার শব্দ?
A. পাঞ্জাবি
B. ফরাসি

C. স্পেনিশ
D. গ্রিক

**Answer**: গ্রিক

**Explanation**: কলমোস (Kalamas) শব্দটি গ্রিক শব্দ যার অর্থ reed/ reed pen। কয়েকটি গুরুত্বপূর্ণ গ্রিক শব্দ- কেন্দ্র, দাম,ডাইনামাইট, ডায়নামো ইত্যাদি।

**Question 5:** ভাষা চিন্তার শুধু বাহনই নয়, চিন্তার প্রসূতিও।' মন্তব্যটি কোন ভাষা-চিন্তকের?
A. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
B. মুহম্মদ শহীদুল্লাহ্
C. মুহম্মদ এনামুল হক
D. সুকুমার সেন

**Answer**: সুকুমার সেন

**Explanation**: সুকুমার সেন তাঁর 'ভাষার ইতিবৃত্ত' (১৯৩৯) গ্রন্থে উল্লিখিত মন্তব্যটি করেন। 'ভাষার ইতিবৃত্ত' গ্রন্থে তিনি ভাষা সম্পর্কে বলেন- ভাষা মানুষের জন্মসূত্রে পাওয়া। তাহা এতই স্বাভাবিক যে চলাফেরা বা শ্বাসক্রিয়ার মতো স্বয়ংক্রিয় বৃত্তি বলিয়া মনে হয়। তিনি আরো বলেন- "মানুষের উচ্চারিত অর্থবহ বহুজনবোধ্য ধ্বনিসমষ্টিই ভাষা।""

**Question 6:** র্বপ্রথম বাংলা ভাষার ব্যাকরণ রচনা করেন কে?
A. নাথানিয়েল ব্রাসি হ্যালহেড
B. রাজা রামমোহন রায়
C. রামেন্দ্র সুন্দর ত্রিবেদী
D. মানোএল দ্য আস্সুম্পসাঁও

**Answer**: মানোএল দ্য আস্সুম্পসাঁও

**Explanation**: বাংলা ভাষার প্রথম ব্যাকরণ রচনা করেন ম্যানোয়েল দ্য আসসুম্পসাঁউ (পর্তুগিজ ভাষায় লিখেন)। বইটির নাম: 'ভোকাবুলারিও এম ইদিওমা বেনগল্লা ই পোরতুগিজ' (১৭৪৩)।

**Question 7:** চ্চারণের রীতি অনুযায়ী নিচের কোনটি উচ্চমধ্য-সম্মুখ স্বরধ্বনি?
A. অ
B. আ
C. ও
D. এ

**Answer**: এ

**Explanation**: যে স্বরধ্বনি উচ্চারণের সময় জিহ্বা উচ্চ-মধ্য অবস্থানে থাকে সেগুলি উচ্চমধ্য স্বরধ্বনি বলে। যেমন- এ,ও।

Medha

**Question 8:** তাম্বুলিক' শব্দের সমার্থক নয় কোনটি**?**
A. পান-ব্যবসায়ী
B. পর্ণকার
C. বারুই
D. তামসিক

**Answer**: তামসিক

**Explanation**: তাম্বুল শব্দের অর্থ পান, লতাবিশেষের পাতা (যা সুপারি চুন প্রভৃতি সহযোগে খাওয়া হয়)। আর, তাম্বুলিক শব্দের অর্থ- পান-ব্যবসায়ী, পর্ণকার (পান বিক্রেতা), বারুই (পান চাষী)।

**Question 9:** তুমি তো ভারি সুন্দর ছবি আঁক**!' –** বাক্যটিতে কোন প্রকারের অব্যয় পদ ব্যবহৃত হয়েছে**?**
A. পদান্বয়ী অব্যয়
B. অনুসর্গ অব্যয়
C. অনুকার অব্যয়
D. অনন্বয়ী অব্যয়

**Answer**: অনন্বয়ী অব্যয়

**Explanation**: যে সকল অব্যয় বাক্যে স্বাধীনভাবে নানাবিধ ভাবপ্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমন: মরি মরি!, হ্যাঁ, তো, উঃ, ছিছি, ওগো, পাছে ইত্যাদি অনন্বয়ী অব্যয়ের উদাহরণ।

**Question 10:** নিচের কোনটি যৌগিক শব্দ**?**
A. প্রবীণ
B. জেঠামি
C. সরোজ
D. মিতালি

**Answer**: মিতালি

**Explanation**: যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম তাদের যৌগিক শব্দ বলে। (শর্টকাট: মূল শব্দের অর্থ নতুন শব্দে থাকে)। যেমন: মিতা (মূল শব্দ) আলি = মিতালি (নতুন শব্দ)। এখানে, মূল শব্দ মিতা (বন্ধু) এবং নতুন শব্দ মিতালি (বন্ধুত্ব) এর উৎপত্তিগত ও ব্যবহারিক অর্থ এক।

**Question 11:** সুনামীর তান্ডবে অনেকেই সর্বশান্ত হয়েছে।**'-** বাক্যটিতে কয়টি ভুল আছে**?**
A. একটি
B. দুটি
C. ভুল নেই
D. তিনটি

**Answer**: তিনটি

**Explanation**: বাক্যটিতে ৩টি ভুল আছে। সঠিক বাক্য: সুনামির তাণ্ডবে অনেকেই সর্বস্বান্ত হয়েছে।

**Question 12:** কৃদন্ত পদের পূর্ববর্তী পদকে কী বলে?
A. পূর্বপদ
B. প্রাতিপদিক
C. প্রপদ
D. উপপদ

**Answer**: উপপদ

**Explanation**: কৃদন্তপদের পূর্ববর্তী পদ হলো উপপদ। যেমন- 'পকেটমার' শব্দে 'মার' হলো কৃদন্ত পদ, আর 'পকেট' হলো উপপদ। অনুরূপ- ইন্দ্রজিৎ, সত্যবাদী, ধামাধরা ইত্যাদি শব্দগুলোর মধ্যে যথাক্রমে ইন্দ্র, সত্য ও ধামা হলো উপপদ।
- উপপদকে বলা হয় পদের নিকটস্থ পদ; পূর্বপদ।

**Question 13:** তোমার নাম কী?'-এখানে 'কী' কোন প্রকারের পদ?
A. প্রশ্নবাচক
B. অব্যয়
C. বিশেষণ
D. সর্বনাম

**Answer**: সর্বনাম

**Explanation**: বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয়, তাকে সর্বনাম পদ বলে। সর্বনাম পদ কয়েক প্রকারের হয়ে থাকে; তাঁর মধ্যে 'কী' হলো প্রশ্নবাচক সর্বনামের উদাহরণ।
প্রশ্নবাচক সর্বনাম - কে, কি, কী, কোন, কাহার, কার, কিসে?

**Question 14:** সরল' শব্দের বিপরীতার্থক নয় নিচের কোনটি?
A. কুটিল
B. জটিল
C. বক্র
D. গরল

**Answer**: গরল

**Explanation**: সরল' শব্দের অর্থ ঋজু, সোজা ইত্যাদি। 'সরল' শব্দের বিপরীত শব্দ হলো- কুটিল, জটিল ও বক্র। 'গরুল' এর বিপরীত হলো অমৃত।

Medha

**Question 15: Rank' শব্দের বাংলা পরিভাষা কী?**
A. পদ
B. উচ্চতা
C. মাত্রা
D. পদমর্যাদা

**Answer**: পদমর্যাদা

**Explanation**: পদমর্যাদাক্রমে নির্দিষ্ট অবস্থান/সেনাবাহিনীতে পদমর্যাদা বোঝাতে Rank শব্দটি বহুল প্রচলিত। পদ এর ইংরেজি Position, মাত্রা- Dimension, উচ্চতা- Altitude, Height।

**Question 16: চর্যাপদের তিব্বতি অনুবাদ প্রকাশ করেন কে?**
A. প্রণয়ভূষণ বাগচী
B. যতীন্দ্র মোহন বাগচী
C. প্রফুল্ল মোহন বাগচী
D. প্রবোধচন্দ্র বাগচী

**Answer**: প্রবোধচন্দ্র বাগচী

**Explanation**: চর্যাপদের তিব্বতি ভাষায় অনুবাদ করেন কীর্তিচন্দ্র। ১৯৩৮ সালে এ অনুবাদ আবিষ্কার ও প্রকাশ করেন ড. প্রবোধচন্দ্র বাগচী।

**Question 17: গীতগোবিন্দ' কাব্যের রচয়িতা জয়দের কার সভাকবি ছিলেন?**
A. শশাঙ্কদেবের
B. হর্ষবর্ধনের
C. যশোবর্মনের
D. লক্ষ্মণ সেনের

**Answer**: লক্ষ্মণ সেনের

**Explanation**: জয়দেব ছিলেন লক্ষ্মণসেনের রাজসভার পঞ্চরত্নের অন্যতম। জয়দেব ব্যতীত অপর চারজন হলেন গোবর্ধন আচার্য, শরণ, ধোয়ী ও উমাপতিধর। কারও কারও মতে তিনি কিছুকাল উৎকলরাজেরও সভাপণ্ডিত ছিলেন। জয়দেব সংস্কৃত কবি। তাঁর বিখ্যাত রচনা গীতগোবিন্দম্। এটি একটি সংস্কৃত গীতিকাব্য। রাধাকৃষ্ণের প্রেমলীলা এর মুখ্য বিষয়। ২৮৬টি শ্লোক এবং ২৪টি গীতের সমন্বয়ে ১২ সর্গে এটি রচিত।

**Question 18: কবি যশোরাজ খান বৈষ্ণবপদ রচনা করেন কোন ভাষায়?**
A. হিন্দি
B. বাংলা
C. সংস্কৃত
D. ব্রজবুলি

Medha

**Answer**: ব্রজবুলি

**Explanation**: কবি যশোরাজ খান বৈষ্ণবপদ রচনা করেন ব্রজবুলি ভাষায়। বাংলাদেশে প্রথম ব্রজবুলি পদ রচনা করেন যশোরাজ খান। বাংলা ছাড়া আসাম এবং উড়িষ্যাতেও ব্রজবুলির বেশ চর্চা হয়েছে। যেমন- আসামে শংকরদেব এবং উড়িষ্যায় রামানন্দ রায় ব্রজবুলির চর্চা করেন। এঁরা তিনজনই ছিলেন ষোলো শতকের কবি।

**Question 19: নিচের কোন জন যুদ্ধকাব্যের রচয়িতা নন?**
A. দৌলত উজির বাহরাম খাঁ
B. সাবিরিদ খাঁ
C. সৈয়দ সুলতান
D. সৈয়দ নূরুদ্দীন

**Answer**: সৈয়দ নূরুদ্দীন

**Explanation**: মধ্যযুগীয় বাংলা সাহিত্যে মুসলিম ঐতিহ্যভিত্তিক যুদ্ধ-বিগ্রহ বিষয়ক কাব্য হলো জঙ্গনামা/ যুদ্ধকাব্য। ফারসি 'জঙ্গ' শব্দের অর্থ যুদ্ধ, আর 'জঙ্গনামা' শব্দের অর্থ তদ্বিষয়ক গ্রন্থ বা রচনা বিশেষত হযরত মুহম্মাদ (স.) ও তাঁর স্বজনদের যুদ্ধই এ শ্রেণির কাব্যের মূল বিষয়। জঙ্গনামা/ যুদ্ধশ্রেণির কাব্যধারার উল্লেখযোগ্য কবির নাম হলো: দৌলত উজির বাহরাম খান, সৈয়দ সুলতান, সাবিরিদ খান, শেখ ফয়জুল্লাহ, মুহম্মদ খান, শেরবাজ, হেয়াত মামুদ, ফকির গরিবুল্লাহ, মুহম্মদ হামিদুল্লাহ খান, ওয়াহিদ আলী, জনাব আলী, মুহম্মদ মুনসি, মুহম্মদ ইসহাকউদ্দীন, কাজী আমীনুল হক ইত্যাদি।

**Question 20: কোনটি কবি জৈনুদ্দিনের কাব্যগ্রন্থ?**
A. মক্কানামা
B. মক্কা বিজয়
C. রসুলচরিত
D. রসুল বিজয়

**Answer**: রসুল বিজয়

**Explanation**: জৈনুদ্দীন (১৫শ শতক) মধ্যযুগীয় বাংলা সাহিত্যের কবি। 'রসুলবিজয়' কাব্য রচনা করে তিনি খ্যাতি অর্জন করেন। জৈনুদ্দীন ছিলেন সুফি ধারার অনুসারী; শাহ্ মোহাম্মদ খান ছিলেন তাঁর পীর। কবির পৃষ্ঠপোষক ছিলেন গৌড়ের যুবরাজ ইছপ খান (ইউসুফ খান), যিনি পরে শামসুদ্দীন ইউসুফ শাহ (১৪৭৪-৮২) নামে গৌড়ের সুলতান হন।
• রসুলবিজয় যুদ্ধবিষয়ক একটি কাহিনীকাব্য। এতে হযরত মুহাম্মদ (স.) ও ইরাকাধিপতি জয়কুমের মধ্যেকার দীর্ঘযুদ্ধের বর্ণনা আছে।

**Question 21: বিদ্যাসাগর ও বাঙালি সমাজ' গ্রন্থের রচয়িতা কে?**
A. বিনয় বর্মণ
B. সুবিনয় ঘোষ
C. বিনয় ভট্টাচার্য
D. বিনয় ঘোষ

**Answer**: বিনয় ঘোষ

**Explanation**: বিনয় ঘোষ (১৯১৭-১৯৮০) সাংবাদিক, সমাজতাত্ত্বিক, লেখক, সাহিত্যসমালোচক, বাংলা ভাষা ও লোকসংস্কৃতির গবেষক। তাঁর ছদ্মনাম ছিল 'কালপেঁচা'।
পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চল পরিভ্রমণ ও ক্ষেত্রসমীক্ষা-ভিত্তিক আলোচনাগ্রন্থ পশ্চিমবঙ্গের সংস্কৃতি (১৯৫৭) তাঁর বিশিষ্ট রচনা। গবেষণাগ্রন্থ হিসেবে শিল্প সংস্কৃতি ও সমাজ, মেট্রোপলিটন মন, বাংলার নবজাগৃতি, বিদ্যাসাগর ও বাঙালীসমাজ (১৯৫৭), বিদ্রোহী ডিরোজিও, সুতানুটি সমাচার, বাংলার সামাজিক ইতিহাসের ধারা, মধ্যবিত্ত বিদ্রোহ, বাংলার বিদ্বৎ সমাজ, কলকাতা শহরের ইতিবৃত্ত, বাংলার লোকসংস্কৃতি ও সমাজতত্ত্ব প্রভৃতি তাঁর অন্যান্য প্রধান রচনা।

**Question 22:** প্রথম সাহিত্যিক গদ্যের স্রষ্টা কে**?**
A. রাজা রামমোহন রায়
B. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
C. মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
D. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**Answer**: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**Explanation**: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা গদ্যের শব্দ-সাযুজ্য আবিষ্কার, বাক্য-কাঠামো সংস্কার, কর্তা ও ক্রিয়াপদ এবং ক্রিয়া ও কর্মের মধ্যে যথাযথ অন্বয় স্থাপন করে বাংলা গদ্যকে মাধুর্য দান করেন। তাছাড়া, শ্বাস-যতি ও অর্থ-যতির সমন্বয় ঘটান এবং পাঠক যাতে তা সহজেই দেখতে পান, তাঁর জন্যে ইংরেজি রীতির যতিচিহ্ন, বিশেষ করে 'কমা' ব্যবহার করেন। বাংলায় প্রকৃত/ পরিপূর্ণ গদ্য রচনার জন্য ঈশ্বরচন্দ্রকে বলা হয় 'প্রথম সাহিত্যিক গদ্যের স্রষ্টা' বা 'বাংলা গদ্যের জনক'।
- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সর্বপ্রথম বিরামচিহ্নের প্রবর্তন করেন (তাঁর প্রথম গ্রন্থ 'বেতাল পঞ্চবিংশতি' গ্রন্থে)।

**Question 23:** প্যারীচাঁদ মিত্রের 'আলালের ঘরের দুলাল' প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয় কত সালে**?**
A. ১৮৬৮ সালে
B. ১৯৭৮ সালে
C. ১৮৪৮ সালে
D. ১৮৫৮ সালে

**Answer**: ১৮৫৮ সালে

**Explanation**: প্যারীচাঁদ মিত্রকে বলা হয় বাংলা উপন্যাস ধারার প্রতিষ্ঠাতা পুরুষ/ বাংলা ভাষার ১ম ঔপন্যাসিক। প্যারীচাঁদ মিত্র রচিত 'আলালের ঘরের দুলাল' (প্রকাশ-১৮৫৭ মতান্তরে ১৮৫৮) বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস। এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র- মতিলাল, ঠকচাচা, রামলাল।

**Question 24:** শচীন**,** দামিনী ও শ্রীবিলাস রবীন্দ্রনাথ ঠাকুরের কোন উপন্যাসের চরিত্র**?**
A. ঘরে বাইরে
B. চার অধ্যায়
C. নৌকাডুবি
D. চতুরঙ্গ

**Answer**: চতুরঙ্গ

**Explanation**: সাধুভাষায় লিখিত রবীন্দ্রনাথের সর্বশেষ উপন্যাস হলো 'চতুরঙ্গ' (১৯১৬ সালে প্রকাশিত হয়)। এটি শচীশ নামের এক যুবকের আত্মানুসন্ধান সম্পর্কিত উপন্যাস। 'চতুরঙ্গ' উপন্যাসের চরিত্রসমূহ- শচীশ, দামিনী, শ্রী বিলাস, জ্যাঠামশাই।

**Question 25:** তুমি মা কল্পতরু, আমরা সব পোষাগরু'- এই কবিতাংশটির রচয়িতা কে?
A. রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
B. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
C. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
D. ঈশ্বরচন্দ্র গুপ্ত

**Answer**: ঈশ্বরচন্দ্র গুপ্ত

**Explanation**: যুগসন্ধিক্ষণের কবি ঈশ্বরচন্দ্র গুপ্তের বিখ্যাত কবিতাংশ তুমি মা কল্পতরু আমরা সব পোষাগরু" (মহারাণী ভিক্টোরিয়াকে উদ্দেশ্য করে রচিত)। কবিতাংশটি কবির 'নীলকর' কবিতার অংশবিশেষ।"

**Question 26:** মীর মশাররফ হোসেনের কোন গ্রন্থের উপজীব্য হিন্দু-মুসলমানের বিরোধ?
A. বসন্তকুমারী নাটক
B. ইসলামের জয়
C. এর উপায় কী
D. গো-জীবন

**Answer**: গো-জীবন

**Explanation**: আধুনিক বাংলা মুসলমান সাহিত্যিকদের পথিকৃৎ মীর মশাররফ হোসেন রচিত একটি প্রবন্ধ গোজীবন (১৮৮৯)। প্রবন্ধটির মূল বক্তব্য হলো, কৃষিনির্ভর অর্থনীতিতে যে কোনো কারণেই হোক গো-হত্যা অনুচিত। স্বীয় বক্তব্যের সমর্থনে লেখক ধর্মগ্রন্থ এবং প্রাত্যহিক-বাস্তব অভিজ্ঞতা থেকে নানা যুক্তি ও তথ্য পরিবেশন করেছেন। হিন্দু ও মুসলমান এই দুই ধর্মাবলম্বীদের ঐক্যবদ্ধ করার মানসেই মশাররফ হোসেন এ প্রবন্ধ রচনা করেন। প্রবন্ধটি তৎকালে মুসলিম ধর্মীয় নেতৃস্থানীয় ব্যক্তিদের মধ্যে যথেষ্ট প্রতিক্রিয়ার জন্ম দেয়। এ কারণে 'আখবারে এসলামিয়া' (১৮৮৪) পত্রিকা প্রতিবাদ প্রকাশ করে এবং লেখককে পরে মামলাতে জড়িয়ে পড়তে হয়। অবশেষে মৌলবাদী মুসলিমদের প্রবল চাপের মুখে তিনি 'গো-জীবন' প্রত্যাহার করতে বাধ্য হন।

**Question 27:** রবীন্দ্রনাথ ঠাকুর কত বয়সে ছোটগল্পকার হিসেবে আত্মপ্রকাশ করেন?
A. ১০ বছর
B. ১২ বছর
C. ১৪ বছর
D. ১৬ বছর

**Answer**: ১৬ বছর

**Explanation**: ১২৮৪ বঙ্গাব্দে (১৮৭৭ খ্রিস্টাব্দে) মাত্র ষোলো বছর বয়সে 'ভিখারিনী' গল্প রচনার মাধ্যমে ছোটগল্প লেখক হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মপ্রকাশ ঘটে। এর পর থেকে জীবনের প্রায় শেষদিন পর্যন্ত দীর্ঘ চৌষট্টি বছরে তিনি অখণ্ড 'গল্পগুচ্ছে সংকলিত ৯৫টি ছোটগল্প রচনা করেছেন। এর বাইরেও 'গল্পসল্প', 'লিপিকা' এবং 'সে' গ্রন্থে তাঁর আরো গল্প সংকলিত হয়েছে।
রবীন্দ্রনাথের প্রথম ছোটগল্প 'ভিখারিনী'। প্রথম সার্থক ছোটগল্প- দেনাপাওনা (১৮৯০) এবং সর্বশেষ গড় 'মুসলমানীর গল্প'। রবীন্দ্রনাথের সর্বমোট ছোট গল্প ১১৯ টি।

**Question 28:** নিচের কোনটি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের গল্পগ্রন্থ নয়?
A. যাত্রাবদল
B. মেঘমল্লার
C. মৌরিফুল
D. ইছামতি

**Answer**: ইছামতি

**Explanation**: বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের গল্পগ্রন্থসমূহ- মৌরীফুল, যাত্রাদল, মেঘমল্লার। 'ইছামতি' বিভূতিভূষণ রচিত শেষ উপন্যাস।
বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় উপন্যাস রচয়িতা হিসেবে বেশ পরিচিত। পথের পাঁচালী, অপরাজিত, আরণ্যক, দৃষ্টিপ্রদীপ, অশনি সংকেত, দেবযান, অভিযাত্রিক ইত্যাদি তাঁর প্রসিদ্ধ উপন্যাস।

**Question 29:** আমার পথ' প্রবন্ধটি কাজী নজরুল ইসলামের কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?
A. যুগ-বাণী
B. রাজবন্দির জবানবন্দি
C. দুর্দিনের যাত্রী
D. রুদ্র-মঙ্গল

**Answer**: রুদ্র-মঙ্গল

**Explanation**: কাজী নজরুল ইসলাম রচিত একটি প্রবন্ধগ্রন্থ/প্রবন্ধ সংকলন- রুদ্র-মঙ্গল। গ্রন্থটিতে মোট ৮টি প্রবন্ধ স্থান পেয়েছে। এগুলো হলো-রুদ্র-মঙ্গল, আমার পথ, মোহররম, বিষবাণী, ক্ষুদিরামের মা, ধূমকেতুর পথ, মন্দির ও মসজিদ, হিন্দু-মুসলমান।

**Question 30:** জীবন ও বৃক্ষ' প্রবন্ধে মোতাহের হোসেন চৌধুরী কাকে তপোবন-প্রেমিক বলেছেন?
A. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়কে
B. জসীম উদ্‌দীনকে
C. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে
D. রবীন্দ্রনাথ ঠাকুরকে

**Answer**: রবীন্দ্রনাথ ঠাকুরকে

**Explanation**: জীবন ও বৃক্ষ' প্রবন্ধে মোতাহের হোসেন চৌধুরী রবীন্দ্রনাথ ঠাকুরকে তপোবন-প্রেমিক বলেছেন। এই প্রবন্ধে বলা হয়েছে- রবীন্দ্রনাথ ঠাকুর মনুষ্যত্বের সাদৃশ্য পেয়েছেন নদীর গতির মধ্যে আর অন্তরের সৃষ্টিধর্ম উপলব্ধি করেছেন- বৃক্ষের পানে তাকিয়ে।

**Question 31:** আমি যখন জেলে যাই তখন ওর বয়স মাত্র কয়েক মাস।**'-** এখানে **'**ওর**'** বলতে শেখ মুজিবুর রহমান কাকে বুঝিয়েছেন**?**

A. শেখ নাসেরকে
B. শেখ রেহেনাকে
C. শেখ হাসিনাকে
D. শেখ কামালকে

**Answer**: শেখ কামালকে

**Explanation**: প্রশ্নোল্লিখিত চরণটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের অন্তর্গত। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি তিনি জেলখানায় আটক ছিলেন। কিছুদিন পর তাকে পাকিস্তান সরকার মুক্তি দিতে বাধ্য হয়। বাসায় ফেরার পর একদিন সকালে বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র শেখ কামাল শেখ হাসিনাকে বলছে হাচু আপা

**Question 32:** আখতারুজ্জামান ইলিয়াস জন্মগ্রহণ করেন কোথায়**?**

A. সিরাজগঞ্জে
B. বগুড়ায়
C. ঢাকায়
D. গাইবান্ধায়

**Answer**: গাইবান্ধায়

**Explanation**: আখতারুজ্জামান ইলিয়াসের জন্ম গাইবান্ধা জেলার গোটিয়া গ্রামে। পৈতৃক নিবাস- বগুড়া জেলায়। তাঁর উল্লেখযোগ্য সাহিত্যকর্ম
উপন্যাস: চিলেকোঠার সেপাই (১৯৮৭) তাঁর প্রথম প্রকাশিত উপন্যাস: খোয়াবনামা
গল্পগ্রন্থ: দুধে ভাতে উৎপাত (তাঁর প্রথম গল্পগ্রন্থ), অন্য ঘর অন্য স্বর, দোজখের ওম, খোঁয়ারী, জাল স্বপ্ন, স্বপ্নের জাল। গল্প রেইনকোট, ফেরারী, মিলির হাতে স্টেনগান, ফোঁড়া, অপঘাত, নিরুদ্দেশ যাত্রা, অসুখ বিসুখ, কীটনাশকের কীর্তি প্রভৃতি।

**Question 33:** মাইকেল মধুসূদন দত্ত প্রবর্তিত **'**অমিত্রাক্ষর ছন্দ' প্রকৃত পক্ষে বাংলা কোন ছন্দের নব**-**রূপায়ণ**?**

A. স্বরবৃত্ত ছন্দ
B. গৈরিশ ছন্দ
C. মাত্রাবৃত্ত ছন্দ
D. অক্ষরবৃত্ত ছন্দ

**Answer**: অক্ষরবৃত্ত ছন্দ

**Explanation**: অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন মধুসূদন-পূর্ব হাজার বছরের বাংলা কবিতার ছন্দ ছিল পয়ার। একটি চরণের শেষে আর একটি চরণের মিল ছিল ওই ছন্দের অনড় প্রথা। মধুসূদন বাংলা কবিতার এ প্রথাকে ভেঙে দিলেন। তিনি প্রথম

Medha

চরণের সঙ্গে দ্বিতীয় চরণের মিল রক্ষা করেননি বলেই তাঁর প্রবর্তিত ছন্দকে বলা হয় 'অমিত্রাক্ষর ছন্দ'। তবে এটি বাংলা অক্ষরবৃত্ত ছন্দেরই নবরূপায়ণ। তাঁর শ্রেষ্ঠতম কীর্তি 'মেঘনাদবধ কাব্যে' এ ছন্দের সফল প্রয়োগ ঘটে। এ ছন্দে আরও কিছু নতুন বিষয় তিনি যোগ করেছিলেন বলে একে বলা হয় ১৪ মাত্রার অমিল প্রবহমান যতিস্বাধীন অক্ষরবৃত্ত ছন্দ।"

**Question 34:** বুক তার বাংলাদেশের হৃদয়' কাব্যগ্রন্থের রচয়িতা কে**?**
A. সৈয়দ শামসুল হক
B. আহসান হাবীব
C. হাসান হাফিজুর রহমান
D. শামসুর রাহমান

**Answer**: শামসুর রাহমান

**Explanation**: নাগরিক কবি শামসুর রাহমানের একটি বিখ্যাত কাব্যগ্রন্থ 'বুক তার বাংলাদেশের হৃদয়'। তাঁর অন্যান্য কাব্যগ্রন্থ- প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে (কবির ১ম কাব্যগ্রন্থ/ কবিতার বই), বাংলাদেশ স্বপ্ন দ্যাখে, রৌদ্র করোটিতে, নিজ বাসভূমে, দুঃসময়ের মুখোমুখি, বিধ্বস্ত নীলিমা, বন্দী শিবির থেকে, নিরালোকে দিব্যরথ, ফিরিয়ে নাও ঘাতক কাঁটা, উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ, মাতাল ঋত্বিক ইত্যাদি।

**Question 35:** দুর্দিনের দিনলিপি' স্মৃতিগ্রন্থটি কার লেখা**?**
A. মুশতারি শফী
B. আবদুল কাদির
C. জাহানারা ইমাম
D. আবুল ফজল

**Answer**: আবুল ফজল

**Explanation**: আবুল ফজলের জন্ম ১৯০৩ খিস্টাব্দের ১লা জুলাই, চট্টগ্রামের সাতকানিয়ায়। স্কুল শিক্ষক হিসেবে কর্মজীবন শুরু করে
প্রায় ৩০ বছর কলেজে অধ্যাপনা করেছেন। তাঁর উল্লেখযোগ্য সাহিত্যকর্ম-
উপন্যাস - চৌচির, রাঙ্গা প্রভাত
গল্পগ্রন্থ - মাটির পৃথিবী, মৃতের আত্মহত্যা।
প্রবন্ধ - সাহিত্য ও সংস্কৃতি সাধনা, সাহিত্য সংস্কৃতি ও জীবন, সমাজ সাহিত্য ও রাষ্ট্র, মানবতন্ত্র, একুশ মানে মাথা নত না করা
দিনলিপি - রেখা চিত্র, দুর্দিনের দিনলিপি

**Question 36: She insisted on _____ leaving the house.**
A. he
B. him
C. himself
D. his

**Answer**: his

Medha

**Explanation**: প্রদত্ত প্রশ্নে 'leaving' হলো gerund (প্রেপজিশন on-এর object)। মনে রাখতে হবে, gerund-এর পূর্বে possessive adjective (my, our, your, his, her ইত্যাদি) ব্যবহৃত হয়।

**Question 37: The phrase 'Achilles heel' means–**
A. a strong point
B. a strong solution
C. a permanent solution
D. a weak point

**Answer**: a weak point

**Explanation**: Achilles' heel' Idiom-টির অর্থ দুর্বল দিক। এবার option-গুলো দেখা যাক:
a strong point - শক্তিশালী দিক
a strong solution - একটি শক্তিশালী (যথাযথ) সমাধান
a weak point - দুর্বল দিক
a permanent solution - একটি চিরস্থায়ী সমাধান
সুতরাং, সঠিক উত্তর a weak point.

**Question 38: He does not adhere __ any principle.**
A. by
B. in
C. at
D. to

**Answer**: to

**Explanation**: Adhere-এর পরে apropriate prepxosition হিসেবে to' ব্যবহৃত হয়। Adhere to-দৃঢ়ভাবে

**Question 39: Millennium is a period of –**
A. 100 year
B. 1 billion year
C. 1 million year
D. 1000 year

**Answer**: 1000 year

**Explanation**: Millennium দ্বারা ১০০০ বছর বুঝানো হয়ে থাকে (a period of 1,000 years, or the time when a period of 1,000 years ends)

**Question 40: Identify the passive form of the following sentence: "Who has broken this Jug?"**
A. Whom has this Jug been broken?
B. By whom has this Jug broken?
C. By whom this Jug has been broken?
D. By whom has this Jug been broken?

**Answer**: By whom has this Jug been broken?

**Explanation**: who' যুক্ত present perfect tense-এর interrogative sentence-কে passive করার নিয়ম নিম্নরূপ: who এর পরিবর্তে by whom + have/has + object as a subject + been + V + extension (if any) +?
প্রদত্ত structure অনুযায়ী সঠিক passive form টি হবে: By whom has this jug been broken?

**Question 41: Who is not a Victorian Poet?**
A. Alfred Tennyson
B. Robert Browning
C. Matthew Arnold
D. William Wordsworth

**Answer**: William Wordsworth

**Explanation**: One notable poet who is not considered a Victorian poet is William Wordsworth. While he was a prominent figure in English Romanticism and played a significant role in the development of English poetry, his major works were published prior to the Victorian era, which is generally considered to have begun around 1837 with the accession of Queen Victoria

**Question 42: Which of the following novels was written by George Orwell?**
A. For Whom the Bell Tolls
B. Brave New World
C. A Clockwork Orange
D. 1984

**Answer**: 1984

**Explanation**: George Orwell এর লেখা উপন্যাস 1984. লেখক ১৯৪৯ সালে বইটি লিখেন। এতে তিনি ১৯৮৪ সালের পৃথিবী কল্পনা করেছেন। যেখানে মানুষের কোন বাক-স্বাধীনতা নাই এবং মানুষের সকল কর্মকাণ্ড সরকার পর্যবেক্ষন ও নিয়ন্ত্রণ করে। এই উপন্যাসের একটি বিখ্যাত সংলাপ “Big brother is watching you”.

**Question 43: Identify the correct sentence:**
A. She speaks English like English

B. She speaks the English like English
C. She speaks the English like the English
D. She speaks English like the English

**Answer**: She speaks English like the English

**Explanation**: English' দ্বারা ইংরেজি ভাষা এবং The English' দ্বারা ইংরেজ জাতি বুঝানো হয়। সঠিক বাক্যটি হবে: She speaks English like the English (সে ইংরেজদের মতো ইংরেজি বলে)।

**Question 44: When one makes a promise, one must not go________ on it.**
A. forward
B. around
C. by
D. back

**Answer**: back

**Explanation**: বাক্যটির অর্থ: 'যখন কেউ একটি প্রতিশ্রুতি দেয়, তার অবশ্যই সেটি ভঙ্গ করা (প্রতিশ্রুতি থেকে ফিরে আসা) উচিত নয়'। এবার option-গুলো দেখা যাক:
- (go) forward কোনো কাজ চলমান রাখা/সামনে এগিয়ে যাওয়া
- (go) back - ফিরে আসা
- (go) by - অতিক্রম করা/অতিক্রান্ত হওয়া (to move past, in space or time)
- (go) around - ক. যথোপযুক্ত/যথাযথ পরিমাণ হওয়া; খ. কোনো স্থান/ব্যক্তির নিকট ভ্রমণ করা
সুতরাং, সঠিক উত্তর (go) back.

**Question 45: I can't put up with him anymore. Here, "put up with" means:**
A. To protect
B. To terminate
C. To prevent
D. To tolerate

**Answer**: To tolerate

**Explanation**: Put up with অর্থ সহ্য করা, মানিয়ে নেওয়া। এবার option-গুলো দেখা যাক:
* To protect - রক্ষা করা
* To tolerate - সহ্য করা
* To terminate শেষ করা
* To prevent - প্রতিরোধ করা
সুতরাং, সঠিক উত্তর To tolerate.

**Question 46: The poem "To his Coy Mistress" was written by-**

Medha

A. Henry Vaughan
B. John Donne
C. George Herbert
D. Andrew Marvell

**Answer**: Andrew Marvell

**Explanation**: ইংরেজি সাহিত্যের one of the best Metaphysical poets হিসেবে খ্যাত Andrew Marvell (1621-1678)
তিনি মহাকবি John Milton এর ঘনিষ্ঠ বন্ধু ছিলেন। Andrew Marvell-এর বিখ্যাত রচনাসমূহ নিম্নরূপ:
To His Coy Mistress, The Garden, An Horatian Ode, The Definition of Love

**Question 47: The synonym of 'altitude' is -**
A. depth
B. width
C. length
D. height

**Answer**: height

**Explanation**: Altitude শব্দের অর্থ উচ্চতা। এবার option-গুলো দেখা যাক:
- height- উচ্চতা
- length - দৈর্ঘ্য
- width - প্রশস্ততা
- depth - গভীরতা, ঘনতা

**Question 48: The character, Elizabeth Bennett, appears in the novel-**
A. Jane Eyre
B. Tess of the D'llrberville
C. Wuthering Heights
D. Pride and Prejudice

**Answer**: Pride and Prejudice

**Explanation**: Jane Austen (1775-1817) ইংরেজি সাহিত্যে Romantic Period-এর anti-romantic novelist হিসেবে পরিচিত। 'Pride and Prejudice' তাঁর বিখ্যাত উপন্যাসসমূহের মধ্যে একটি। এ উপন্যাসের বিখ্যাত চরিত্রসমূহের মধ্যে Mrs Darcy এবং Elizabeth Bennet অন্যতম।

**Question 49: This could have worked if I _______ been more far-sighted.**
A. have
B. would

C. might
D. had

**Answer**: had

**Explanation**: Conditional Sentence-এর structure অনুযায়ী past perfect conditional বা unreal past-এর structure নিম্নরূপ
If + subject + past perfect tense + subject + would/could/might + have + [verb in past participle]

**Question 50: What may be considered courteous in one culture may be arrogant in another. Here the underlined word, "arrogant" means—**
A. pretentious
B. gracious
C. coarse
D. rude

**Answer**: rude

**Explanation**: বাক্যটির অন্তর্নিহিত অর্থ: 'একটি সংস্কৃতিতে যে আচরণ মার্জিত তা অন্য কোথাও উদ্ধত/অমার্জিত (arrogant) মনে হতে পারে। এবার option-গুলো দেখা যাক:
rude - রূঢ়/অমার্জিত
coarse- ১. মোটা: ২. অনিষ্ট
gracious - ভদ্র/সৌজন্যময়
pretentious - বিরাট কৃতিত্ব বা গুরুত্বের দাবিদার (যৌক্তিকতা ছাড়া)
সুতরাং, সঠিক উত্তর rude.

**Question 51: Don Juan was composed by—**
A. W.B. Yeats
B. E.B. Browning
C. Alexander Pope
D. George Gordon Byron

**Answer**: George Gordon Byron

**Explanation**: George Gordon Lord Byron (Lord Byron নামে অধিকতর পরিচিত) ইংরেজি সাহিত্যে Rebel Poet হিসেবে পরিচিত I তাঁর বিখ্যাত সাহিত্যকর্মসমূহ নিম্নরূপ:
Famous Books - The Vision of Judgement, Heaven and Earth, Hours of Idleness
Famous Poem - Child Harold's Pilgrimage, She walks in Beauty
Famous Epic - Don Juan

**Question 52: Identify the imperative sentence:**

Medha

A. What is your name?
B. Shahin is playing football.
C. I shall cook dinner now.
D. Shut up!

**Answer**: Shut up!

**Explanation**: যে sentence দ্বারা কোনো আদেশ, উপদেশ, অনুরোধ কিংবা নিষেধ প্রকাশ পায় তাকে Imperative Sentence বলে। option (ক)-তে বর্ণিত 'Shut up!' অর্থাৎ 'চুপ কর' স্পষ্টতই একটি আদেশ।

**Question 53: 'Black Death" is the name of a—**
A. fever
B. black fever
C. death of black people
D. plague pandemic

**Answer**: plague pandemic

**Explanation**: চতুর্দশ শতকে এশিয়া, ইউরোপ এবং আফ্রিকাতে মারাত্মকভাবে ছড়িয়ে পড়া একটি মহামারির নাম 'Black Death' যা ইতিহাসে বিউবনিক প্লেগ মহামারি (bubonic plage pandemic) নামে পরিচিত। এতে ইউরোপের প্রায় এক-তৃতীয়াংশ মানুষ প্রাণ হারায়।
ইউনিসিয়া পেসটিস নামক একটি ব্যাকটেরিয়া ছিল এ মহামারির প্রধানতম কারণ এবং ওরিয়েন্টাল র‍্যাট ফ্রি নামের এক প্রজাতির মাছি ছিল এই ব্যাকটেরিয়ার পোষক। এই ভয়ংকর মাছিগুলো ইঁদুরকে কামড়ানোর ফলে মহামারী প্লেগ ছড়িয়ে পড়েছিল বলে ইতিহাস সাক্ষ্য দেয়।

**Question 54: Ulysses' is a poem written by—**
A. Robert Browning
B. Wordsworth
C. S.T. Coleridge
D. Alfred Tennyson

**Answer**: Alfred Tennyson

**Explanation**: ইউলিসিস কবিতাটি প্রথম প্রকাশিত হয় ১৮৪২ সালে। একদা হোমার এবং দান্তে কর্তৃক গভীরভাবে অনুপ্রাণিত হয়েছিলেন টেনিসন। বিশেষ করে হোমারকৃত মহাকাব্য ইলিয়াড থেকে তিনি ইউলিসিস লেখার অনুপ্রেরণা লাভ করেন। ইলিয়াড মহাকাব্যের বিখ্যাত বীর ইউলিসিস।

**Question 55: Who wrote the poem 'Ozymandias'?**
A. Thomas Hardy
B. Robert Frost
C. Edmund Spenser

D. P.B. Shelley

**Answer**: P.B. Shelley

**Explanation**: Ozymandias' was written by English Romantic poet Percy Bysshe Shelley (1792-1822). Although a member of the upper classes Shelley was a radical young man, eloping twice with young women; he died at the age of just 29.

**Question 56: Clym Yeobright is the protagonist of the novel—**
A. David Copperfield
B. Adam Bede
C. A Passage to India
D. The Return of the Native

**Answer**: The Return of the Native

**Explanation**: Clym Yeobright, fictional character, an idealistic young man who returns from a stay in Paris to his home on England's Egdon Heath, in Thomas Hardy's novel The Return of the Native (1878)

**Question 57: The train is running ______ forty miles an hour.**
A. on
B. to
C. for
D. at

**Answer**: at

**Explanation**: নির্দিষ্ট গতিতে চলা (Speed) বুঝাতে preposition 'at' ব্যবহৃত হয়। The train is running at forty miles an hour (ট্রেনটি ঘন্টায় চল্লিশ মাইল গতিতে চলছে)।

**Question 58: He divided the money ______ the two children.**
A. in between
B. over
C. among
D. between

**Answer**: between

**Explanation**: সাধারণত দু'য়ের মধ্যে বুঝাতে 'between' এবং দু'য়ের অধিকের মধ্যে বুঝাতে 'among' ব্যবহৃত হয়। between- The contract is between you and me.

among - She divided the money among her sons.

**Question 59: No one can______ that he is clever.**
A. defy
B. denounce
C. admire
D. deny

**Answer**: deny

**Explanation**: বাক্যটির অর্থ- 'কেউ অস্বীকার করতে পারবে না যে সে চালাক'। এবার option-গুলো দেখা যাক:
defy- প্রকাশ্যে বিরোধিতা করা, গ্রাহ্য না করা
deny - সত্য বলে স্বীকার না করা, অস্বীকার করা
denounce - প্রকাশ্যে নিন্দা করা
admire - প্রশস্তি/প্রশংসা করা
সুতরাং, সঠিক উত্তর deny.

**Question 60: Choose the right form of verb: The boy (to lie) on the floor yesterday.**
A. lies
B. lied
C. layed
D. lay

**Answer**: lay

**Explanation**: সঠিক বাক্যটি হবে: The boy lay on the floor yesterday। প্রশ্নে yesterday থাকায় 'শোয়া' অর্থে lie-এর past form 'lay' ব্যবহৃত হবে। সঠিক উত্তর lay.

**Question 61: She played on the flute. Passive form is—**
A. The flute was played by her.
B. The flute was being played by her.
C. The flute was played to her.
D. The flute was played on by her.

**Answer**: The flute was played on by her.

**Explanation**: Play on the flute' অর্থ ফুঁ দিয়ে বাঁশি বাজানো। প্রদত্ত প্রশ্নে 'play on' একটি group verb; তাই passive করার সময় 'on' preposition-টি বাদ দেওয়া যাবে না। বাকাটি past indefinite tense-এ থাকায় passive structure-টি হবে object as a subject + was/were + $V_1$ + by + subject as an object.

**Question 62: Antonym for Adieu__________.**

A. Farewell
B. Good bye
C. Valediction
D. Hello

**Answer**: Hello

**Explanation**: Adieu' একটি French শব্দ যা কাউকে বিদায় জানানো বা বিদায়কালে শুভকামনা জানানো অর্থে ব্যবহৃত হয়। এবার option-গুলো দেখা যাক:
Farewell - বিদায়
Hello - স্বাগত জানাতে/দৃষ্টি আকর্ষণে ব্যবহৃত হয়
Goodbye - শুভ বিদায়/বিদায়ী শুভেচ্ছা
Valediction - বিদায় সম্ভাষণ
সুতরাং, প্রদত্ত option সমূহের মধ্যে 'Adieu'-এর antonym হবে- 'Hello'.

**Question 63: Walk fast lest you should miss the train'. This is a—**

A. Simple sentence
B. Compound sentence
C. Interrogative sentence
D. Complex sentence

**Answer**: Complex sentence

**Explanation**: And, or, but, for, nor, yet, so ইত্যাদি হলো coordinating conjunction এবং এসব conjunction (clause marker) ব্যবহার করে যখন একটি sub-ordinate clause কোনো principal clause এর সাথে যুক্ত হয় তখন বাকাট compound sentence হয়। অপরদিকে, lest একটি subordinating conjunction যা principal clause-এর সাঙ্গে অপর একটি sub-ordinate clause যুক্ত করে এবং তখন বাক্যটি complex sentence হয়।

**Question 64: A number of singers in a church is called—**

A. Clump
B. Cast
C. Claque
D. Choir

**Answer**: Choir

**Explanation**: Choir - বিশেষত গির্জায় ঐকতানবদ্ধ ধর্মসঙ্গীতে নেতৃত্বদানকারী গায়কবৃন্দ
Cast - নাটক/সিনেমা/গানের অভিনেতা-অভিনেত্রীসমূহ
Claque - প্রশংসা/সহমত প্রদানের জন্য নিয়োজিত দল
Clump - গুচ্ছ, ঝাড় (বৃক্ষাদির)

**Question 65: Put the right word in the blank. "He reached the_________of his literary career."**
A. abattoir
B. abdicate
C. admonish
D. acme

**Answer**: acme

**Explanation**: বাক্যটির অন্তর্নিহিত অর্থ- 'তিনি তাঁর সাহিত্যিক ক্যারিয়ারের সর্বোচ্চ শিখরে পৌঁছেছেন'। এবার option-গুলো দেখা যাক:
acme শীর্ষ, চূড়া, উন্নতির সর্বোচ্চ শিখর
abattoir - কসাইখানা, পশুবধস্থান
admonish - মৃদু ভর্ৎসনা/তিরস্কার করা
abdicate ত্যাগ করা, ছেড়ে দেওয়া (বিশেষত পদ, অধিকার, সিংহাসন ইত্যাদি)
সুতরাং, সঠিক উত্তর acme.

**Question 66: Anger may be compared ______fire.**
A. into
B. within
C. against
D. to

**Answer**: to

**Explanation**: আলোচনা করা' অর্থ প্রকাশে discuss-এর পর কোনো preposition ব্যবহৃত হয় না। discuss = to talk about

**Question 67: Choose the correct sentence:**
A. None of the above
B. He discussed about the mater.
C. He discussed on the matter.
D. He discussed the matter.

**Answer**: He discussed the matter.

**Explanation**: Compare with somebody / Compare to something (তুলনা করা)
অসম বস্তুর মধ্যে তুলনা করতে compare to এবং একই জাতীয় জিনিসের মধ্যে তুলনা করতে compare with প্রচলিত মতবাদ।

Medha

**Question 68: Identify the correctly spelt word.**
A. Horroscope
B. Embarass
C. Occassion
D. Pneumonia

**Answer**: Pneumonia

**Explanation**: "সঠিক বানান
Horoscope - রাশিচক্র
Pneumonia - ফুসফুসের প্রদাহঘটিত রোগ
Occasion - ঘটনা/ঘটার উপযুক্ত সময়
Embarrass - অস্বস্তি অথবা লজ্জায় ফেলা"

**Question 69: Desdemona is a character in the following Shakespearean play :**
A. Macbeth
B. King Lear
C. Hamlet
D. Othello

**Answer**: Othello

**Explanation**: Desdemona is a character in William Shakespeare's play Othello

**Question 70: Meteorology is related to -**
A. concrete slabs
B. motor vehicles
C. motor neurone disease
D. weather forecasting

**Answer**: weather forecasting

**Explanation**: Meteorology (noun)
আবহাওয়াবিজ্ঞান, আবহবিদ্যা - the study of the atmosphere, atmospheric phenomena and atmospheric effects on our weather.

**Question 71: x2y + xy2 এবং x2 + xy রাশিদ্বয়ের ল.সা.গু এবং গ.সা.গু এর গুণফল কত?**
A. x2y2(x + y)
B. xy(x2 + y2)

Medha

C. xy2(x2 + y)
D. x2y(x + y)2

**Answer**: x2y(x + y)2

**Explanation**: ১ম রাশি = $x^2y + xy^2 = xy (x + y)$
২য় রাশি = $x^2 + xy = x(x+y)$
এখানে, প্রদত্ত রাশিদ্বয়ের ল.সা.গু = $xy (x + y)$ এবং গ.সা.গু = $x (x + y)$
সুতরাং রাশিদ্বয়ের ল.সা.গু এবং গ.সা.গু এর গুণফল = $xy (x + y) . x (x + y) = x^2y (x + y)^2$

**Question 72: যদি x : y = 2 : 3 এবং y : z = 5 : 7 হয়, তবে x : y : z = ?**
A. 6 : 9 : 14
B. 3 : 5 : 7
C. 2 : 5 : 7
D. 10 : 15 : 21

**Answer**: 10 : 15 : 21

**Explanation**: এখানে, x:y = 2:3 = 10:15 [উভয় পক্ষকে ৫ দ্বারা গুণ করে পাই]
এবং y:z = 5: 7 = 15:21 [উভয় পক্ষকে ৩ দ্বারা গুণ করে পাই]
সুতরাং, x: y: z = 10:15:21

**Question 73: জাহিদ সাহেবের বেতন 10% কমানোর পর হ্রাসকৃত বেতন 10% বাড়ানো হলে তার কতটুকু ক্ষতি হল?**
A. 0
B. 0.1
C. 0.05
D. 0.01

**Answer**: 0.01

**Explanation**: ধরি, জাহিদ সাহেবের বেতন 100 টাকা
10% কমলে তার বেতন হবে = (100-10) = 90 টাকা
আবার, এই বেতন 10% বাড়ালে বেতন হবে = (90+90 এর 10%) = (90 + 9) = 99 টাকা
তাহলে ক্ষতি হয় = 100 – 99 = 1 টাকা বা 1%

**Question 74: (x + 5)2 = x2 + bx + c সমীকরণে b ও c এর মান কত হলে সমীকরণটি অভেদ হবে?**
A. Mon Mar 10 2025 13:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
B. Wed Oct 15 2025 13:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
C. 15, 25
D. Sat Oct 25 2025 13:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Answer**: Sat Oct 25 2025 13:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Explanation**: এখানে, $(x + 5)^2 = x^2 + bx + c$
বা, $x^2 + 2.x.5 + 52 = x^2 + bx + c$
বা, $x^2 + 10x + 25 = x^2 + bx + c$
উভয় পাশের সমীকরণের সহগ হতে পাই, b = 10, c = 25

**Question 75:** নিচের কোনটি সরলরেখার সমীকরণ**?**
A. x/y = y/2
B. x2 + y = 1
C. x = 1/y
D. x/y = 1/2

**Answer**: x/y = 1/2

**Explanation**: x/y = 1/2
বা, 2x = y
বা, y = 2x যা y = mx এর অনুরূপ।
মূলবিন্দুগামী সরলরেখার সমীকরণ y = mx

**Question 76: p + q = 5** এবং **p - q = 3** হলে **p2 + q2** এর মান কত**?**
A. 8
B. 34
C. 19
D. 17

**Answer**: 17

**Explanation**: দেওয়া আছে, p + q = 5; p-q=3
এখন, p + q = 5
বা, $(p+q)^2 = (5)^2$ [উভয় পক্ষকে বর্গ করে পাই]
বা, $p^2 + 2pq + 2\ 2\ 1+q^2 = q = 25$...... .(i)
আবার, p-q=3 বা, $(p-q)^2 = (3)^2$ [উভয় পক্ষকে বর্গ করে পাই]
বা, $p^2 - 2pq + q^2\ 2\ ^2 = 9$.. (ii)
(i) ও (ii) নং সমীকরণ যোগ করে পাই,
$p^2+2pq + q^2 = 25$
$p^2- 2pq + q^2 = 9$
..........................................
$2p^2+2q^2 = 34$
বা, $2(p^2 +q^2) = 34$
বা, $p^2+q^2 = 17$

**Question 77: যদি log(a/b) + log(b/a) = log(a + b) হয়, তবে-**
A. a2 - b2 = 1
B. a - b = 1
C. a = b
D. a + b = 1

**Answer**: a + b = 1

**Explanation**: log(a/b) + log(b/a) = log(a+b)
বা, log {(a/b) (b/a)} = log (a + b)
বা, log(1) = log (a+b)
বা, a+b=1

**Question 78: 2x + 7 = 4x + 2 হলে x এর মান কত?**
A. 2
B. 6
C. 4
D. 3

**Answer**: 3

**Explanation**: $2^{x+7} = 4^{x+2}$
বা, $2^{x+7} = 2^{2(x+2)}$
বা, x+7= 2x+4
বা, x=3

**Question 79: 1/√3, - 1, √3, ......... ধারাটির পঞ্চম পদ কত?**
A. - √3
B. 9
C. - 9√3
D. 3√3

**Answer**: 3√3

**Explanation**: এখানে, ১ম পদ a= 1/√3 সাধারণ অনুপাত = -1/(1/√3) = -√3
সুতরাং, ধারাটির পঞ্চম পদ = $ar^{5-1}$ = (1/√3) $(-\sqrt{3})^4$ = (1/√3). √3. √3. 3 = 3√3

**Question 80: যদি 1 + tan2θ = 4 এবং θ < 90° হয়, θ = ?**
A. 30°

Medha

B. 45°
C. 0°
D. 60°

**Answer**: 60°

**Explanation**: এখানে, $1 + \tan^2\alpha = 4$
বা, $\tan^2\alpha = 4-1$
বা, $\tan^2\alpha = 3$
বা, $\tan\alpha = \sqrt{3}$
বা, $\tan\alpha = \tan 60°$
বা, $\alpha=60°$

**Question 81: একটি বৃত্তচাপ কেন্দ্রে 60° কোণ উৎপন্ন করে। বৃত্তের ব্যাস 12 cm হলে বৃত্তচাপের দৈর্ঘ্য কত?**
A. 4π
B. 3π
C. π
D. 2π

**Answer**: 2π

**Explanation**: এখানে, ব্যাসার্ধ = 12/2 = 6cm
কেন্দ্রে উৎপন্ন কোণ $\theta = 60° = \pi/3$
এবং বৃত্তচাপের দৈর্ঘ্য s=?
আমরা জানি, $s = r\theta = 6 \times \pi/3 = 2\pi$

**Question 82: একটি ত্রিভুজের বাহুগুলোর অনুপাত $1 : 2\sqrt{2} : 3$ হলে এর বৃহত্তম কোণটির মান কত?**
A. 30°
B. 60°
C. 80°
D. 90°

**Answer**: 90°

**Explanation**: এখানে, $(1)^2 + (2\sqrt{2})^2 = (3)^2$ [ভূমি$^2$ + লম্ব$^2$ = অতিভূজ$^2$]
বা, 1+ 4.2 = 9
বা, 1+ 8 = 9
বা, 9 = 9
সুতরাং, ত্রিভুজটি একটি সমকোণী ত্রিভুজ এবং এর বৃহত্তম কোণ 90°

**Question 83: 29 থেকে 38 পর্যন্ত সংখ্যা হতে যে কোনো একটিকে ইচ্ছামত বেছে নিলে সেটি মৌলিক হওয়ার সম্ভাবনা**

Medha

কত**?**
A. Thu Jan 02 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
B. Fri Jan 03 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
C. Thu Jul 10 2025 13:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
D. Mon Mar 10 2025 13:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Answer**: Mon Mar 10 2025 13:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Explanation**: 29 হতে 38 পর্যন্ত সংখ্যা = 10টি
29 থেকে 38 পর্যন্ত মৌলিক সংখ্যা = 3টি (29, 31, 37)
মৌলিক সংখ্যা হওয়ার সম্ভাবনা = মোট মৌলিক সংখ্যা / মোট সংখ্যা = 3/10

**Question 84: 0, 1, 2, 3, 4** অংকগুলি দ্বারা কতগুলি পাঁচ অংকের অর্থপূর্ণ সংখ্যা গঠন করা যাবে**?**
A. 144
B. 120
C. 24
D. 96

**Answer**: 96

**Explanation**: এখানে, 0, 1, 2, 3, 45 টি অংকের মান দেওয়া আছে। অতএব, 5 অংকের মোট সংখ্যা = 5! = 5 x 4 x 3 x 2 ×1 = 120 টি
0 কে সামনে রেখে বাকি 4টি দ্বারা গঠিত সংখ্যা = 4! = 24 টি যেগুলো অর্থপূর্ণ নয়।
সুতরাং, 5 অংকের অর্থপূর্ণ সংখ্যা গঠন করা যাবে = 120 - 24 = 96 টি

**Question 85: A = {x ∈ N : x2 - 5x - 14 = 0}** হলে **A = ?**
A. {6, 1}
B. {- 2, 7}
C. {2, 7}
D. {7}

**Answer**: {7}

**Explanation**: এখানে, $x^2$-5x-14=0
বা, $x^2$-7x+2x-14-0
বা, x(x-7)+2(x-7)=0
বা, (x-7) (x+2)=0
হয়, x-7=0
∴ x=7
অথবা, x+2=0
∴ x=-2

**Question 86:** নিচের কোনটি চার্লসের সূত্র**?**
A. P ∝ T
B. PV = K
C. V ∝ n
D. V ∝ T

**Answer**: V ∝ T

**Explanation**: বিজ্ঞানী চার্লস গ্যাসের আয়তনের (V) সাথে তাপমাত্রার (T) সম্পর্কের একটি সূত্র আবিষ্কার করেন যা চার্লসের সূত্র নামে পরিচিত। সূত্রটি হলো VT, সূত্রটি নির্দেশ করে: স্থির চাপে কোন গ্যাসের তাপমাত্রা বাড়লে আয়তন বাড়বে অর্থাৎ তাপমাত্রার সাথে আয়তনের সম্পর্ক সমানুপাতিক।

**Question 87:** সোডিয়াম ক্লোরাইড **(NaCl)** কেলাসের গঠন কীরূপ**?**
A. সংঘবদ্ধ ষড়কৌণিক আকার
B. দেহ-কেন্দ্রিক ঘনকাকার
C. সংঘবদ্ধ-ঘনকাকার
D. পৃষ্ঠতল কেন্দ্রিক ঘনকাকৃতির

**Answer**: পৃষ্ঠতল কেন্দ্রিক ঘনকাকৃতির

**Explanation**: সোডিয়াম ক্লোরাইড (NaCl) কেলাসের গঠনে একটি ঘনাকৃতির কেলাসের প্রতিটি কোণায় একটি পরমাণু থাকে এবং ঘনকের ৬টি তলের প্রতিটির মধ্যবিন্দুতে একটি করে পরমাণু থাকে। অর্থাৎ সোডিয়াম ক্লোরাইডের স্ফটিক পৃষ্ঠতল কেন্দ্রিক ঘনকাকৃতির কেলাস গঠন করে।

**Question 88:** নিচের কোনটি প্রাইমারি দূষক**?**
A. SO3
B. N2O5
C. HNO3
D. NO

**Answer**: NO

**Explanation**: সরাসরি উৎস থেকে আগত দূষককে প্রাইমারি দূষক বা প্রাথমিক দূষক বলে। আবার প্রাইমারি দূষক থেকে উৎপন্ন অন্যান্য দূষককে গৌণ দূষক বা সেকেন্ডারি দূষক বলে। NO, $SO_2$, $CO_2$CO ইত্যাদি প্রাথমিক দূষক এবং HNO3, N2O, SO, ইত্যাদি গৌণ দূষক হিসেবে পরিচিত।
জেনে রাখা ভালো, পরিবেশের (বিশেষ করে বায়ু, পানি, মাটি ইত্যাদি উপাদানের) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতি সাধন করে এসব বস্তুকে দূষক বলে।

**Question 89:** **HPLC** এর পূর্ণরূপ কী**?**
A. High pressure liquid chromatography

Medha

B. High power liquid chromatography
C. High plant liquid chromatography
D. High performance liquid chromatography

**Answer**: High performance liquid chromatography

**Explanation**: পরীক্ষাগারে অথবা শিল্প কারখানায় কোন মিশ্রণের প্রতিটি উপাদানকে আলাদা করতে এবং পরিমাপ করতে HPLC ব্যবহার করা হয়। এর পূর্ণরূপ High performance liquid chromatography।

**Question 90:** নিচের কোনটি সিরামিক উপাদানের প্রধান কাঁচামাল**?**
A. NaNO3
B. Na2CO3
C. Fe2O3
D. SiO2

**Answer**: SiO2

**Explanation**: সিলিকার রাসায়নিক নাম সিলিকন ডাই অক্সাইড ($SiO_2$)।
সিলিকার বিশুদ্ধ রূপ কোয়ার্টজ।
সিরামিক উপাদানের প্রধান কাঁচামাল সিলিকা ($SiO_2$)। যেমন সিরামিক ইটে সিলিকা (৫৫%), অ্যালুমিনা (৩০%), লৌহ অক্সাইড (৮%), ম্যাগনেসিয়া (৫%), জৈব পদার্থ (১%) থাকে।
জেনে রাখা ভালো, ইলেকট্রনিক্সে ব্যবহৃত বিভিন্ন device মূলত তৈরি হয় সিলিকন চিপ দিয়ে। বর্তমানে কম্পিউটারে যে চিপ ব্যবহার করা হয় তা সাধারণ বালু বা সিলিকা ($SiO_2$)। কাচ তৈরির প্রধান কাঁচামাল হলো বালি। আর বালির প্রধান উপাদান হলো সিলিকা।

**Question 91:** সানস্ক্রিন লোশন তৈরিতে কোন ন্যানো পার্টিকেল ব্যবহৃত হয়**?**
A. Na2O
B. CuO
C. Al2O3
D. ZnO

**Answer**: ZnO

**Explanation**: সানস্ক্রিন এমন একধরনের লোশন যা ব্যবহারে মানুষের ত্বক সূর্যের ক্ষতিকর ও অতিবেগুনি রশ্মি থেকে রক্ষা পায়। সানস্ক্রিন লোশন তৈরিতে ZnO ন্যানো পার্টিকেল ব্যবহৃত হয় এবং সূর্যের ক্ষতিকর রশ্মি থেকে ত্বককে রক্ষা করে। আর এর জন্যই সানস্ক্রিন ব্যবহার করলে ত্বকে এর অনেকটা সাদা আস্তরণ পড়ে।

**Question 92:** মানুষের দেহকোষে ক্রোমোজমের সংখ্যা **-**
A. ৪৪ টি
B. ৪২ টি
C. ৪৮ টি

D. ৪৬ টি

**Answer**: ৪৬ টি

**Explanation**: মানবদেহে একটি কোষে ক্রোমোজোম সংখ্যা ৪৬ বা ২৩ জোড়া, এর মধ্যে ৪৪ টিকে বা ২২ জোড়াকে অটোজোম জোড়া বা ২টিকে সেক্স-ক্রোমোজোম বলে। সেক্স ক্রোমোজোম দুটি (X) এবং (Y) নামে পরিচিত। যেখানে, XX মেয়ে এবং X = ছেলে। জোনো যাচ্ছে মাথাকে মানুষের জনন কোষ বা হ্যাপ্লয়েড কোষে ক্রোমোজোম সংখ্যা ২৩টি। অর্থাৎ শুক্রাণুতে ২৩ টি, ডিম্বাণুতে ২৩টি করে ক্রোমোজোম থাকে।

**Question 93: সুষম খাদ্যে শর্করা, আমিষ ও চর্বিজাতীয় খাদ্যের অনুপাত?**

A. ৪ : ৩ : ২
B. ৪ : ২ : ২
C. ৪ : ২ : ৩
D. ৪ : ১ : ১

**Answer**: ৪ : ১ : ১

**Explanation**: খাদ্য গ্রহণের সময় সুষম খাদ্যে শর্করা, আমিষ ও স্নেহ এর পরিমাণ যথাক্রমে- ৪: ১: ১।
জেনে রাখা ভালো, দেহের প্রতি কিলোগ্রাম ভরের জন্য শর্করা দরকার ৪-৬ গ্রাম। শর্করা ও আমিষে ক্যালরির পরিমাণ প্রতি গ্রামে ৪ কিলোক্যালোরি। স্নেহ জাতীয় খাদ্যে ক্যালরির পরিমাণ প্রতি গ্রামে ৯ কিলোক্যালোরি। গ্লুকোজের রাসায়নিক সংকেত $C_6H_{12}O_6$ অর্থাৎ C:H:O=1:2:1

**Question 94: মানুষের শরীরের রক্তের গ্রুপ কয়টি?**

A. দুইটি
B. পাঁচটি
C. তিনটি
D. চারটি

**Answer**: চারটি

**Explanation**: বিখ্যাত বিজ্ঞানী কার্ল ল্যান্ডস্টেইনার প্রণতি ব্লাড গ্রুপকে 'ABO' ব্লাড গ্রুপ বলা হয়। এই ব্লাডগ্রুপ অনুযায়ী মানুষের রক্তের গ্রুপ ৪ প্রকার, যথা: A, B, AB, O। জেনে রাখা ভালো '0' ব্লাডগ্রুপ সার্বজনীন দাতা এবং 'AB' হচ্ছে সার্বজনীন গ্রহীতা।

**Question 95: আর্সেনিকের পারমাণবিক সংখ্যা কত?**

A. ৪৪
B. ৩৮
C. ৩৬
D. ৩৩

**Answer**: ৩৩

Medha

**Explanation**: 33 - আর্সেনিক
36 - ক্রিপ্টন
38 - স্ট্রনশিয়াম
44 - রুথেনিয়াম

**Question 96:** উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্রের নাম কী?
A. অডিওমিটার
B. অ্যালটিমিটার
C. ওডোমিটার
D. ট্যাকোমিটার

**Answer**: ট্যাকোমিটার

**Explanation**: উড়োজাহাজের গতি পরিমাপ - ট্যাকোমিটার
রোধ পরিমাপ - ওহম মিটার
বায়ুর আর্দ্রতা নির্ণয় - হাইগ্রোমিটার
উষ্ণতা পরিমাপ - থার্মোমিটার

**Question 97:** টেলিভিশনে যে তরঙ্গ ব্যবহৃত হয় -
A. দৃশ্যমান রশ্মি
B. অবলোহিত রশ্মি
C. আলট্রা ভায়োলেট
D. রেডিও ওয়েভ

**Answer**: রেডিও ওয়েভ

**Explanation**: রেডিও এবং টেলিভিশনে মাধ্যম হিসেবে রেডিও ওয়েভ বা বেতার তরঙ্গ ব্যবহৃত হয়।

**Question 98:** অণুজীব বিজ্ঞানের জনক কে?
A. রবার্ট কক
B. লুইস পাস্তুর
C. এডওয়ার্ড জেনার
D. এন্টনি ভন লিউয়েনহুক

**Answer**: এন্টনি ভন লিউয়েনহুক

**Explanation**: ১৬৬৫ সালে বিজ্ঞানী রবার্ট হুক প্রথম মাইক্রোস্কোপ আবিষ্কার করেন এবং তিনি প্রথম কোষ আবিষ্কার করেন।
১৬৬৮ সালে বিজ্ঞানী এন্টনি ভন লিউয়েনহুক পুনরায় মাইক্রোস্কোপ আবিষ্কার করেন। যেখানে তিনি প্রথম জমাট বাধা বৃষ্টির পানি পর্যবেক্ষণ করেন এবং দেখতে পান কতগুলো জীবাণুর অস্তিত্ব। তিনি এদের নাম দেন Animalcule। এই

Medha

Animalcule পরবর্তীতে ব্যাকটেরিয়া অণুজীব হিসাবে আত্মপ্রকাশ করে। তাই এন্টনি ভন লিউয়েনহুককে অণুজীববিজ্ঞানের জনক বলা হয়।

**Question 99:** বাতাস একটি -
A. ডায়াচুম্বকীয় পদার্থ
B. অ্যান্টিফেরোচুম্বকীয় পদার্থ
C. ফেরোচুম্বকীয় পদার্থ
D. প্যারাচুম্বকীয় পদার্থ

**Answer**: প্যারাচুম্বকীয় পদার্থ

**Explanation**: সোডিয়াম, ম্যাঙ্গানিজ, ক্রোমিয়াম, ম্যাগনেসিয়াম, লিথিয়াম, বায়ু, টাংস্টেন, কঠিন অক্সিজেন, প্লাটিনাম ইত্যাদি প্যারাচুম্বকীয় পদার্থের উদাহরণ। জেনে রাখা ভালো, যে সকল পদার্থ চৌম্বকক্ষেত্র দ্বারা স্বল্প পরিমাণ আকৃষ্ট হয় তাদের প্যারাচুম্বকীয় পদার্থ বলা হয়। প্যারাচুম্বকীয় পদার্থ কঠিন, তরল, বায়বীয় এই তিন প্রকারেরই হতে পারে।

**Question 100:** বিশ্বব্রহ্মাণ্ডের সবচেয়ে বেশি গ্যাসটি হল -
A. অক্সিজেন
B. কার্বন-ডাইঅক্সাইড
C. নাইট্রোজেন
D. হাইড্রোজেন

**Answer**: হাইড্রোজেন

**Explanation**: বিশ্বব্রহ্মাণ্ডের সবচেয়ে বেশি গ্যাসটি হলো হাইড্রোজেন। বিজ্ঞানীদের মতে মহাবিশ্বের সকল গ্রহ, নক্ষত্র সবই হাইড্রোজেন গ্যাস দ্বারা তৈরি। ধারণা করা হয় পৃথিবীতে যত পরমাণু আছে তার ৯০% হাইড্রোজেন পরমাণু।

**Question 101: GPU-**এর পূর্ণরূপ কী**?**
A. Graph Processing Unit
B. Graphic Processing Unit
C. Geographical Processing Unit
D. Graphics Processing Unit

**Answer**: Graphics Processing Unit

**Explanation**: GPU এর পূর্ণরূপ Graphics Processing Unit।
কম্পিউটার স্ক্রিনে high quality ছবি video, games ইত্যাদি অধিক স্পষ্টভাবে কোন বাঁধা ছাড়া দেখার জন্য GPU ব্যবহার করা হয়। GPU এক ধরনের Hardware এবং কম্পিউটারে যত ভালো GPU ব্যবহার করা হবে কম্পিউটারের visual output display ততটাই স্পষ্ট এবং High quality সম্পন্ন হবে।

**Question 102:** নিচের কোনটি **ALU-**এর আউটপুট রাখার জন্য ব্যবহৃত হয়**?**

A. Output Unit
B. ROM
C. Flags
D. Register

**Answer**: Register

**Explanation**: ALU (Arithmetic-logic Unit) হলো CPU এর প্রধান ৩টি অংশের মধ্যে অন্যতম। বাকি ২টি অংশ হলো control Unit এবং Register Unit। ALU এর তথ্য প্রক্রিয়াকরণের সময় স্বল্পক্ষণ ডাটা সংরক্ষণ অর্থাৎ এর আউটপুট ধরে রাখার জন্য ব্যবহৃত হয় Register Unit।

**Question 103: DBMS-**এর পূর্ণরূপ কী**?**
A. Data Backup Management System
B. Database Management Service
C. Data of Binary Management System
D. Database Management System

**Answer**: Database Management System

**Explanation**: DBMS (Database Management System) এক ধরণের Application Software | Application Software বলতে বিশেষ ধরণের কম্পিউটার প্রোগ্রামকে বুঝায় যা এর ব্যবহারকারীদের কোন বিশেষ কাজ সম্পাদনে সহায়তা করে। DBMS সাধারণত বড় বড় কোম্পানি, শিল্প প্রতিষ্ঠান এবং অফিস আদালতে তথ্য প্রক্রিয়াকরণের কাজে ব্যবহার করা হয়ে থাকে।

**Question 104: 2** কিলোবাইট মেমোরি **address** করার জন্য কতটি **address** লাইন দরকার**?**
A. 10
B. 14
C. 12
D. 11

**Answer**: 11

**Explanation**: Address Line এর সংখ্যা 'N' হলে
N = $\log_2$ (মেমোরি বিট)।
= $\log_2$ (২ কিলোবাইট)
= $\log_2$ (2x1024) [: ১ কিলোবাইট = ১০২৪ বিট]
=$\log_2$ (2048)
=$\log_2 2^{11}$
N=11

**Question 105: (2FA)16** এই হেক্সাডেসিমেল সংখ্যাটিকে অক্টালে রূপান্তর করুন**:**

Medha

A. (762)8
B. (1482)8
C. (228)8
D. (1372)8

**Answer**: (1372)8

**Explanation**: হেক্সাডেসিমেল: 2 F A
বাইনারি: 0010 1111 1010
001 011 111 010
অক্টাল:1 3 7 2

**Question 106:** এম্বেডেড সিস্টেমে সাধারণত কোন ধরনের মেমোরি ব্যবহৃত হয়**?**
A. অপটিকাল ডিস্ক ড্রাইভ
B. হার্ডডিস্ক ড্রাইভ
C. ফ্লাশ মেমোরি
D. RAM

**Answer**: RAM

**Explanation**: এমবেডেড সিস্টেমের মূল চালিকা শক্তি হিসেবে ব্যবহৃত হয় মাইক্রোকন্ট্রোলার। মাইক্রোকন্ট্রোলারে নির্দিষ্ট ধারণ ক্ষমতার RAM থাকে। মাইক্রোকন্ট্রোলার একটি সিঙ্গেল চিপ কম্পিউটার হিসেবে কাজ করে যেখানে একটি IC এবং এর ভেতরে প্রসেসর, মেমোরি, ইনপুট পোর্ট এবং আউটপুট পোর্ট থাকে।

**Question 107:** নিচের কোনটি **Spyware** এর উদাহরণ**?**
A. Kasparasky
B. Avast
C. Norton
D. Key loggers

**Answer**: Key loggers

**Explanation**: Spyware কম্পিউটারের একধরনের ক্ষতিকর প্রোগ্রাম যার সাহায্যে একজন হ্যাকার অন্য আরেকটি ডিভাইসের সাহায্যে আক্রান্ত ডিভাইসের যাবতীয় গোপন তথ্য চুরি করতে পারে। Key loggers, Adware, Rootkit, web beacons কয়েকটি Spyware এর উদাহরণ। অপরদিকে Avast, Norton, Kasparasky - Antivirus Software হিসেবে পরিচিত।

**Question 108: IPv4-**এ নিচের কোনটি **Google DNS Server** এর **IP Adders?**
A. 8.8.7.6
B. 8.7.8.6
C. 8.8.8.6

Medha

D. 8.8.8.8

**Answer**: 8.8.8.8

**Explanation**: IP-v4 সিস্টেমে প্রতিটি আইপি এড্রেসকে প্রকাশের জন্য মোট চারটি অকটেট সংখ্যা প্রয়োজন। কাজেই সম্পূর্ণ সংখ্যা প্রকাশের জন্য ৩২ বিট প্রয়োজন। অর্থাৎ 8.8.8.8 (8 bits করে)

**Question 109:** ফায়ারওয়ালের প্রাথমিক কাজ কী**?**
A. সমস্ত আগত ট্রাফিক নেটওয়ার্কে ঢুকতে না দেওয়া।
